



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়  
আইপিএইচ ভবন (৩য় তলা), মহাখালী, ঢাকা-১২১২  
ফোন নং-০২-২২২২৬১৮-২৯, ই মেইল- [dgbnncbd@gmail.com](mailto:dgbnncbd@gmail.com)  
ওয়েবসাইট- <https://bnnc.gov.bd>



স্মারক:বাজাপুপ/সমন্বয়/১১-৫৪/২০১৮/২৫১

তারিখ : ১৮/১২/২০২৪ ইং

বিষয়ঃ ফেসবুকে অত্র অফিসের লোগো ব্যবহার করে বেআইনীভাবে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার ও প্রতারণা সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে

সূত্রঃ ফেসবুক লিংক-<https://www.facebook.com/share/p/15c9fx4Dv2>

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ের লোগো ব্যবহার করে ফেসবুকে BNNS DHAKA নামের একটি পেইজ থেকে গত ০১/১২/২০২৪ ইং তারিখ হইতে প্রতারণামূলক কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে যাতে স্মারক নংঃ ব,জ,প/১০০৩/২৪/০১ তারিখ-১৫-১১-২০২৪ এবং উক্ত পেইজের নম্বর ০১৭১৬১২১৪৭৭ হিসেবে উক্ত নম্বরটি দেয়া রয়েছে। ইতিমধ্যে কয়েকজন ভুক্তভোগী অত্র কার্যালয়ে বিষয়টির সত্যতা জানার জন্য যোগাযোগ করেছেন।

২। সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত ফেসবুক পেইজ কিংবা বিজ্ঞাপন কোনটির সাথেই বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ের কোনরূপ সংশ্লিষ্টতা নেই এবং উক্ত পেইজটি প্রতারণামূলক ও ভূয়া। ইতিমধ্যে বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজ (Bangladesh National Nutrition Council-BNNC) থেকে একটি সতর্কতামূলক পোস্ট দেয়া হয়।

৩। এমতাবস্থায় সকলকে উক্ত পেইজের কর্মকান্ড সম্পর্কে সজাগ থাকার এবং ফেসবুকে উক্ত পেইজের নামে রিপোর্ট করার জন্য সকলকে অনুরোধ করা হল। পরবর্তীতে কোনরূপ অগ্রীতিকর পরিস্থিতির জন্য অত্র অফিস দায়ী থাকিবে না।

  
ডা. মোহাম্মদ মাহবুবুর রহমান  
মহাপরিচালক (দায়িত্বপ্রাপ্ত)  
বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ  
কার্যালয়  
মহাখালী, ঢাকা-১২১২

অনুলিপিঃ সদয় অবগতির জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে:

- ১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, দ/আঃ সচিব মহোদয়ে এর একান্ত সচিব।
- ২। অতিরিক্ত সচিব, জনস্বাস্থ্য, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, দ/আঃ ব্যক্তিগত কর্মকর্তা
- ৩। অফিস কপি।